# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫৬৯৩১
৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫


O/C

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০১৮-২০১৯/ ২৭(১২৫০) তারিখ ঃ ১৬-০৭-১৮

০১। মহাব্যবস্থাপক স্থানীয় মুখ্য কার্যালয়
০২। সকল উপ-মহাব্যবস্থাপক কর্পোরেট শাখা
০৩। সকল শাখা ব্যবস্থাপক,(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বিভিন্ন দেশের সাথে সম্পাদিত "দ্বৈত করারোপণ পরিহার চুক্তি" এর আওতায় কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি কর্তৃক চুক্তি মোতাবেক হ্রাসকৃত হারে কর কর্তন পূর্বক বিদেশে অর্থ প্রেরণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর সনদ গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাস্ব বোর্ড , রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০(ইন্টারন্যাশনাল উইং) এর পত্র নং- ০৮.০১.০০০০.০৪৫.৯৪.১৭.২০১৪/৪৬৩(৬) তারিখঃ ০৫জুলাই ২০১৮ খ্রিঃ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য হুবহু এদত্সঙ্গে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ আবু জাফর হাওলাদার)
উপ-মহাব্যবস্থাপক

*সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ*

(১)চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
(২)চীফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি,প্রকা,ঢাকা।
(৩)স্টাফ অফিসার,উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
(৪)স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক/অধ্যক্ষ স্টাফ কলেজ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
(৫) সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান,বিকেবি প্রকা, ঢাকা। পত্রটি (সংযুক্তিসহ) ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকাকে অনুরোধ করা হলো।
(৬) সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
(৭) সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
(৮) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
(৯) নথি/মহানথি।

১৬/০৭/১৮

(মোঃ কামাল উদ্দিন)
সকী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
[ইন্টারন্যাশনাল ট্যাক্স উইং]

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২১১৬ তারিখ ঃ ১২.০৭.১৮
ডিএমডি
জিএম Accounts
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

নথি নং-০৮.০১.০০০০.০৪৫.৯৪.১৭.২০১৪/ ৪৬৩(৬)

২১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০১৮ খ্রিঃ

গর্ভনর
বাংলাদেশ ব্যাংক
ঢাকা।

উপমহা কেহিবি-১/২. প্রিঃ ম্যাঃ/ রিস্ক ম্যাঃ/বাজেট।
মহাব্যবস্থাপক

**বিষয় : বিভিন্ন দেশের সাথে সম্পাদিত "দ্বৈত করারোপণ পরিহার চুক্তি" এর আওতায় কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি কর্তৃক চুক্তি মোতাবেক হ্রাসকৃত হারে কর কর্তন পূর্বক বিদেশে অর্থ প্রেরণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর সনদ গ্রহণ প্রসঙ্গে।**

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

বাংলাদেশের সাথে বর্তমানে বিশ্বের ৩৩টি দেশের দ্বৈত করারোপণ পরিহার চুক্তি বলবৎ রয়েছে। চুক্তির মাধ্যমে উভয় দেশ সমঝোতার ভিত্তিতে করের ক্ষেত্রে বিশেষ কিছু সুবিধা প্রদান করে থাকে।

যে সকল দেশের সাথে বাংলাদেশের দ্বৈত করারোপন পরিহার চুক্তি বলবৎ রয়েছে, সে সকল দেশের প্রতিষ্ঠান, সংস্থা, বা ব্যক্তি বাংলাদেশ হতে তাদের অর্জিত অর্থ নিজ দেশে প্রেরণ কালে ব্যাংকসমূহের নিকট দ্বৈত করারোপণ পরিহার চুক্তির সুবিধা দাবী করে হ্রাসকৃত হারে উৎসে কর কর্তন পূর্বক বিদেশে অর্থ প্রেরণ করে। এরূপ অর্থ প্রেরণের ক্ষেত্রে হ্রাসকৃত হারে, কিংবা উৎস কর কর্তন ব্যতিরেকে বিদেশে অর্থ প্রেরণের পূর্বে উক্ত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তির ক্ষেত্রে দ্বৈত করারোপণ পরিহার চুক্তির আওতায় কিরূপ কর কর্তন আইনসঙ্গত এ সম্পর্কীত জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্ট অনুমোদন গ্রহণের আবশ্যকতা রয়েছে। উক্ত অনুমোদন গ্রহণ ব্যতিরেকে হ্রাসকৃত হারে, অথবা উৎসে কর কর্তন ব্যতিরেকে বিদেশে অর্থ প্রেরণের এখতিয়ার ব্যাংক সমূহের নেই। বলবৎ দ্বৈত করারোপন পরিহার চুক্তির খুঁটিনাটি পর্যালোচনা পূর্বক এতদ্‌বিষয়ক সুবিধা/অননুমোদন সংক্রান্ত মতামত প্রদানের আইনানুগ এখতিয়ার কেবল জাতীয় রাজস্ব বোর্ডের রয়েছে। এ বিষয়ে অর্থ আইন ২০১৮ এ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৬ সংশোধন করা হয়েছে, যার sub-section (2) এবং (2A) নিম্নরূপ ঃ

"(2) Where in respect of any payment under this section, the Board on an application made in this behalf, is satisfied that due to tax treaty or any other reason the non-resident is not be liable to pay any tax in Bangladesh, or is liable to pay tax at a reduced rate in Bangladesh, the Board may issue a certificate to the effect that the payment referred to in sub-section (1) shall be made without any deduction or, in applicable cases, with a deduction at the reduced rate as mentioned in the certificate.

(2A) Tax deducted under this section shall be deemed to be the minimum tax liability of the payee in respect of the income for which the deduction is made, and shall not be subject of refund or set off or an adjustment against a demand."

এমতাবস্থায়, জাতীয় রাজস্বের স্বার্থে ব্যাংক সমূহ কর্তৃক বিভিন্ন সংস্থা/ব্যক্তি বা বাংলাদেশে বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক বিদেশে অর্থ প্রেরণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের ইন্টারন্যাশনাল ট্যাক্সেস উইং এর প্রত্যয়নপত্র ব্যতীত দ্বৈত করারোপণ পরিহার চুক্তির সুবিধা প্রদান না করার বিষয়টি কঠোর নজরদারী ও পরিবীক্ষণের আওতায় আনা একান্ত প্রয়োজন। ব্যাংক সমূহের তত্ত্বাবধানকারী সংস্থা হিসেবে অর্থ আইন ২০১৮ এ আনিত বিধান অনুযায়ী দ্বৈত কর পরিহার চুক্তির আওতায় কর সুবিধা গ্রহণ পূর্বক বিদেশে অর্থ প্রেরণের পূর্বে সকল ব্যাংক যাতে জাতীয় রাজস্ব বোর্ডের "ইন্টারন্যাশনাল ট্যাক্স" উইং, এর সনদ গ্রহণ করে সে বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীত অনুরোধ জ্ঞাপন করা হল।

কালিপদ হালদার
সদস্য (ইন্টারন্যাশনাল ট্যাক্স উইং)
জাতীয় রাজস্ব বোর্ড
ফোন : ৪৮০৩১৫৮৭৬

নথি নং-০৮.০১.০০০০.০৪৫.৯৪.১৭.২০১৪/

২১ আষাঢ় ১৪২৫ ব.
০৫ জুলাই ২০১৮ খ্রিঃ

অনুলিপি যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য

১। ব্যবস্থাপনা পরিচালক-----বাংলাদেশ কৃষি ব্যাংক

০৫/৭/২০১৮

কালিপদ হালদার
সদস্য (ইন্টারন্যাশনাল ট্যাক্স উইং)
জাতীয় রাজস্ব বোর্ড
ফোন : ৪৮০৩১৫৮৭৬

GM- A/C